

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৫৫০

৪১/ জান্নাতের বিবরণ (كتاب صفة الجنة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জান্নাতের দরজাসমূহের বিবরণ।

### بَابُ مَا جَاءَ فِي صِفَةِ أَبْوَابِ الْجَنَّةِ

আরবী

حَدَّثَنَا الْفَضْلُ بْنُ الصَّبَّاحِ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا مَعْنُ بْنُ عِيسَى الْقَزَّازُ، عَنْ خَالِدِ بْنِ أَبِي بَكْرٍ، عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " بَابُ أُمَّتِي الَّذِي يَدْخُلُونَ مِنْهُ الْجَنَّةَ عَرْضُهُ مَسِيرَةُ الرَّكَّابِ الْجَوَادِ ثَلَاثًا ثُمَّ إِنَّهُمْ لَيُضْغَطُونَ عَلَيْهِ حَتَّى تَكَادُ مَنَاكِبُهُمْ تَزُولُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . قَالَ سَأَلْتُ مُحَمَّدًا عَنْ هَذَا الْحَدِيثِ فَلَمْ يَعْرِفْهُ وَقَالَ لِخَالِدِ بْنِ أَبِي بَكْرٍ مَنَاكِيرُ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ .

বাংলা

২৫৫০. ফায়ল ইবন সাব্বাহ বাগদাদী (রহঃ) ..... সালিম ইবন আবদুল্লাহ্ তৎপিতা আবদুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উম্মত জান্নাতের যে দরজা দিয়ে জান্নাতে প্রবেশ করবে সেটির প্রস্থ হল অত্যন্ত দ্রুত গতিসম্পন্ন অশ্বারোহীর তিন দিনের পথ। এরপরও এত ভিড় হবে যে, এর চাপে তাদের কাঁধ চেপটে ছিড়ে যাবে বলে মনে হবে। যঈফ, মিশকাত, তাহকিক ছানী ৫৬৪৫, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৪৮ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি গারীব। আমি মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ) -কে এই হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম; কিন্তু তিনি এটি চিনতে পারলেন না। তিনি সালিম ইবন আবদুল্লাহ (রহঃ) থেকে খালিদ ইবন আবু বকর বহু মুনকার হাদীস রিওয়ায়ত করে থাকেন বলে উল্লেখ করলেন।

## English

Salim bin 'Abdullah narrated from his father that the Messenger of Allah (s.a.w) said:

"The breadth of the gate through which my Ummah shall enter Paradise is the distance that a good rider covers in three. (meaning three nights or three years and, and that [the latter] is more obvious) Despite that, they

shall be constrained by it until their shoulders are almost crushed completely."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সালিম ইবনু আবদুল্লাহ্ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37904>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন